

আর আমায় ভুলায়ে রেখ না হরি ।

আমায় রেখ তোমার প্রেম ভিখারী ॥

১। আমার ভুলে ভুলে জনম গেল, এসে ভুলের দেশে

ভুলে পড়ি ।

আমি যে দিকে চাই, মন ভুলে যাই,

দেখে ভবের মণিহারী ॥

২। তালে মেলে মগ্ন থাকি ভুলে তোমায় নাহি স্মরি,

আমার এ ভোলা মন তোমায় ভুলে,

কাম-সাগরে ডুবায় তরী ॥

৩। যে ভুলেতে ভুলাও তুমি সেই ভুলেতে ভুলি হরি ।

আমি এমনি ভুল চাই গুরু গৌসাই, যেন

ভোলার মত ভুলতে পারি ॥

৪। বলে গৌসাই কৈলাসচন্দ্র নগারে তুই দুরাচারী ।

গোপালচাঁদের উক্তি কর্গে ভক্তি,

বাবা গুরুচাঁদের চরণ তরী ॥

—নগেন্দ্রনাথ কর



হরি তব, পদে কত দোষী ।

এ জনম তো বৃথায় গেল কি করি তাই ভাবি বসি ॥